সমকাল

তারিখ 08 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

হত্যার হুমকি

# কলমাকান্দায় শিক্ষকের স্কুলে যাওয়া বন্ধ

■ নেত্রকোনা প্রতিনিধি

কলমাকান্দা উপজেলার উদয়পুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. দেলোয়ার হোছাইন সাঈদী ওরফে দুলালকে হত্যার হুমকি দিয়েছে স্থানীয় কিছু লোক। প্রাণভয়ে প্রায় এক মাস ধরে তিনি বিদ্যালয়ে যেতে পারছেন না। কর্মস্থলে নিরাপদে যাতায়াত ও জীবনের নিরাপত্তা চেয়ে রোববার নেত্রকোনা জেলা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেছেন ওই শিক্ষক।

সংবাদ সম্মেলনে প্রধান শিক্ষক মো. দেলোয়ার হোছাইন সাঈদী লিখিত বক্তব্যে জানান, বিদ্যালয়ের শিক্ষিকা ফজিলাতুন্নেছার বেতন উত্তোলনে সহযোগিতা না করায় তার স্বামী জহিরুল ইসলাম জীবন লোকজন নিয়ে গত ১০ জানুয়ারি তাকে অপমান করে হত্যার হুমকি দিয়ে বিদ্যালয় থেকে তাড়িয়ে দেন। প্রাণভয়ে কোনো রকমে কর্মস্থল ত্যাগ করে বিষয়টি তাৎক্ষণিক সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানান তিনি। ওই দিন বিকেলেই প্রধান শিক্ষক কর্মস্থলে নিরাপদে যাতায়াত ও জীবনের নিরাপত্তা চেয়ে কলমাকান্দা থানায় লিখিত অভিযোগ করেন। কিন্তু পুলিশ লিখিত অভিযোগটি মামলা হিসেবে রেকর্ড করেনি, এমনকি কোনো আইনগত ব্যবস্থাও নেয়নি। এতে প্রাণভয়ে ওই শিক্ষক কর্মস্থলে যেতে পারছেন না। সংবাদ সম্মেলনে তিনি আরও জানান, কর্মস্থলে নিরাপদে যাতায়াত ও জীবনের নিরাপত্তা চেয়ে তিনি ৩ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী বরাবর লিখিত আবেদন জানিয়েছেন।